

অনুবাদের কথা



ইসলাহে বেহেস্তী জেওর আল্লামা হাশমত আলী বেরেলভী (রহঃ)-এর লিখিত উর্দু কিতাব। তিনি ইমামে আহলে সুন্নাত হযরতুল আল্লামা শাহ আহমদ রেজা খান বেরেলভী (রহঃ)-এর অন্যতম শাগরিদ ও খলিফা এবং আশরাফ আলী থানবীর সমসাময়িক। এই গ্রন্থখানা বেহেস্তী জেওর-এর খন্ডন এবং থানবী সাহেবের জীবদ্দশায়ই ইহা লিখিত। আশরাফ আলী থানবীর উর্দু বেহেস্তী জেওর মূলতঃ নারীদের জন্য লেখা কিতাব। এর পূর্ব নাম ছিল তা'লীমুন নিস্‌ওয়ান বা নারী শিক্ষা। বাংলা ভাষায় লিখিত মকসুদুল মোমিনীন যেমন নারী সমাজে সমাদৃত হয়েছে, তেমনি তালীমুন নিস্‌ওয়ানও উর্দু ভাষী নারীদের নিকট জনপ্রিয়তা অর্জন করেছে। পরবর্তীতে তালীমুন নিস্‌ওয়ান নাম পরিবর্তন করে বেহেস্তী জেওর নামকরণ করা হয়েছে। প্রথমে বেহেস্তী জেওরে মস্‌আলা মাসায়েলের শেষে কোন কিতাব বা দলীলের উল্লেখ ছিলনা। পরে তা সংযোজন করা হয়েছে।

আশরাফ আলী থানবী ছিলেন দেওবন্দের বড় আলেমগণের মধ্যে একজন। আকিদায় ছিলেন তিনি ওহাবীপন্থী। বাংলাদেশী লোকেরা আগের দিনে হিন্দুস্তানে গিয়ে লেখাপড়া করে আসতেন। হিন্দুস্তানে ওহাবী মাদ্রাসা হিসাবে দেওবন্দ দারুল উলুম ছিল প্রসিদ্ধ মাদ্রাসা। সুন্নী মাদ্রাসা হিসাবে প্রসিদ্ধ ছিল বেরেলী, মুরাদাবাদ, রামপুর ও ফয়েজাবাদ মাদ্রাসা সমূহ। ওহাবী মাদ্রাসা হিসাবে সাহারানপুরের মাযাহিরুল উলুম এবং লাখনৌর নাদওয়াতুল উলামাও ছিল বিখ্যাত। ঐসব ওহাবী মাদ্রাসায় প্রাথমিক স্তরে আশরাফ আলী থানবীর বেহেস্তী জেওর পাঠভুক্ত করা হয়। বাংলাদেশী শিক্ষার্থীগণও প্রথমে বেহেস্তী জেওর সবক নিতেন।

ঐসব ওহাবী মাদ্রাসায় শিক্ষাপ্রাপ্ত বাংলাদেশী আলেমগণ দেশে ফিরে বিভিন্ন এলাকায় খারেজী মাদ্রাসা গড়ে তুলে এবং নাম দেয় দারুল উলুম, আশরাফুল উলুম, কাছিমুল উমুল, রশিদুল উলুম ইত্যাদি। বর্তমানে এগুলোর সম্মিলিত নাম দিয়েছে কওমী (জাতীয়) মাদ্রাসা-যদিও কওমী (জাতীয়) আকিদা বর্জিত। এসব মাদ্রাসায় প্রাথমিক শিক্ষার পাঠভুক্ত করা হয়েছে বেহেস্তী জেওর। উক্ত কিতাব পড়ে বাংলাদেশী শিক্ষার্থীগণ ওহাবী আকিদার প্রথম পাঠ শিক্ষা করে। বর্তমানে বেহেস্তী জেওর বাংলায় অনুবাদ করে ব্যাপকভাবে প্রচার করা হচ্ছে। এমতাবস্থায় আল্লামা হাশমত আলী সুন্নী হানাফী বেরেলভী (রহঃ)-এর লিখিত ইসলাহে বেহেস্তী জেওর নামক উর্দু গ্রন্থখানা বাংলায় সংকলন ও অনুবাদ করার প্রয়োজনীয়তা দেখা দিয়েছে। বেহেস্তী জেওর ও ইসলাহে বেহেস্তী জেওর তুলনামূলক ভাবে পাঠ করলে পাঠকগণ হক ও বাতিল নির্ণয় করতে সক্ষম হবেন বলে অধম অনুবাদের দৃঢ় বিশ্বাস।

বিনীত

সংকলক ও অনুবাদক